

আমার পথে পথে পাথর ছড়ানো ।
 তাই তো তোমার বাণী বাজে ঝর্না-ঝরানো ॥
 আমার বাঁশি তোমার হাতে ফুটোর পরে ফুটো তাতে—
 তাই শুনি সুর এমন মধুর পরান-ভরানো ॥
 তোমার হাওয়া যখন জাগে আমার পালে বাধা লাগে—
 এমন করে গায়ে প'ড়ে সাগর-তরানো ।
 ছাড়া পেলে একেবারে রথ কি তোমার চলতে পারে—
 তোমার হাতে আমার ঘোড়া লাগাম-পরানো ॥

Parjaay: Puja, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail